



# কুইন্সল্যান্ডে কিন্ডি(Kindy)

## কিন্ডি(Kindy) কি?

কিন্ডারগার্টেন, যা কিন্ডি(Kindy) নামে পরিচিত, এটি প্রেপ (কুইন্সল্যান্ডে স্কুলের প্রথম বছর) এর আগের বছরের শিশুদের জন্য একটি খণ্ডকালীন শিক্ষামূলক কর্মসূচী। কিন্ডি (Kindy) এমন একটি জায়গা যেখানে আপনাদের শিশুরা খেলার আদলে এবং পরস্পরের সাথে কাজের মাধ্যমে তাদের প্রাথমিক শিক্ষা, সুস্থতা এবং সুবিকাশ গড়ে উঠতে সাহায্য করে এরকম কিছু শিখবে।

কিন্ডি (Kindy)-তে অংশগ্রহণ করার মাধ্যমে, বাচ্চাদের মধ্যে শেখার প্রতি ভালো লাগা তৈরি হয় এবং এটি তাদের প্রেপ-এ উন্মেষের সময় উপকারে আসে।

কুইন্সল্যান্ড সরকার-অনুমোদিত কিন্ডি প্রোগ্রামগুলি একজন যোগ্য শৈশবকালীন শিক্ষক দ্বারা সরবরাহ করা হয়। প্রারম্ভিক শৈশব শিক্ষা কেন্দ্র (early childhood education centres) গুলিতে; নির্বাচিত গ্রামীণ এবং প্রত্যন্ত ও অন্যান্য নির্বাচিত স্টেট স্কুলে যেখানে কিন্ডারগার্টেনে শিক্ষার সুযোগ সীমিত সে সকল স্থানে কিন্ডি(Kindy) প্রোগ্রাম; এবং কিছু শিশুর ক্ষেত্রে যারা শিক্ষা কেন্দ্রে উপস্থিত হতে অক্ষম তাদের ক্ষেত্রে দূরশিক্ষণ বা eKindy চালু করা যেতে পারে।

## কিন্ডি(Kindy)-তে যা শেখানো হয়

কিন্ডি(Kindy) ছোট বাচ্চাদের যা কিছু শেখার সুযোগ করে দেয়:

- ধারণা, অনুভূতি এবং প্রয়োজন বোঝাতে যোগাযোগের জন্য ভাষা ব্যবহার করা
- বন্ধুত্ব গড়ে তোলা, অন্যদের সাথে যোগাযোগ এবং সহযোগিতা করা
- সমস্যা চিহ্নিত করার সামর্থ্য অর্জন এবং সমস্যা সমাধানের দক্ষতার বিকাশ ঘটানো
- নিজ নিজ ক্ষমতায় আরো আত্মবিশ্বাসী এবং স্বাধীন হয়ে উঠা
- তাদের নিজেদের পরিমন্ডলে সংযোগ স্থাপন, অন্বেষণ করা এবং অবদান রাখা
- জ্ঞান অর্জন করা এবং নতুন ধারণা অন্বেষণ করা, তাদেরকে আত্মবিশ্বাস তৈরিতে সহায়তা করা।

আপনি কি ২০২৪ সাল থেকে ফ্রি কিন্ডির কথা শুনেছেন?

Free **KiNDY** from 2024

Free  
**KiNDY**



Queensland  
Government

# যেভাবে ভর্তি করাবেন

কুইন্সল্যান্ডে, বাচ্চারা প্রেপ শুরু করার এক বছর আগে কিন্ডি(Kindy)-তে যোগ দিতে পারে।

প্রতিটি শিক্ষাকেন্দ্র আলাদা এবং কিছু ক্ষেত্রে একটি অপেক্ষার তালিকা থাকতে পারে, তাই আপনার সন্তানকে ভর্তি করানোর উপযুক্ত সময় সম্পর্কে আপনার নির্বাচিত শিক্ষাকেন্দ্রের সাথে কথা বলে রাখা উত্তম।

যে বছর কিন্ডি(Kindy)-তে ভর্তি করাবেন সে বছর 30 জুনের মধ্যে আপনার সন্তানের বয়স অবশ্যই 4 বছর হতে হবে।

শিশুর জন্মতারিখ	শিশু কিন্ডি(Kindy)-তে উপস্থিত হতে পারে
1 জুলাই 2019 থেকে 30 জুন 2020	2024
1 জুলাই 2020 থেকে 30 জুন 2021	2025
1 জুলাই 2021 থেকে 30 জুন 2022	2026
1 জুলাই 2022 থেকে 30 জুন 2023 পর্যন্ত	2027
1 জুলাই 2023 থেকে 30 জুন 2024	2028
1 জুলাই 2024 থেকে 30 জুন 2025	2029

আপনার সন্তানকে ভর্তি করতে আপনার যা যা প্রয়োজন:

- আপনার সন্তানের নাম এবং ঠিকানা
- তাদের পিতামাতা, তত্ত্বাবধায়ক বা অভিভাবক হিসাবে আপনার বিবরণ
- আদালত কোনও আদেশ বা পেরেন্টিং অর্ডার বা পেরেন্টিং প্ল্যানের বিশদ বিবরণ
- প্রয়োজনীয় কোনো অতিরিক্ত বিশেষ সহায়তার বিশদ বিবরণ (যেমন শারীরিক অক্ষমতা, কোন খাবারে এলার্জি বা অন্যান্য প্রয়োজন)
- জন্ম তারিখের প্রমাণ (যেমন জন্ম সনদ)
- স্বাস্থ্য এবং টিকাদানের বিবরণ

আপনার স্থানীয়  
কিন্ডি(kindy) প্রদানকারীকে  
জিজ্ঞাসা করুন  
**Free**  
**KINDY**  
from 2024

- আপনার সন্তানকে (শিক্ষা কেন্দ্র থেকে) সংগ্রহ করার অনুমতি প্রাপ্ত ব্যক্তিদের বিবরণ এবং জরুরি অবস্থায় কাকে জানাতে হবে।

আপনার পছন্দের শিক্ষাকেন্দ্র এই তথ্যাদি গোপন রাখবে এবং আপনার সন্তানের রেকর্ডে আপনার সম্পূর্ণ প্রবেশাধিকার থাকবে।

## একটি কিন্ডি(Kindy) প্রোগ্রাম নির্বাচন

কুইন্সল্যান্ডের সকলত শিশু প্রেপ-এর আগের বছরে একটি অনুমোদিত কিন্ডারগার্টেন প্রোগ্রামে যোগদানের যোগ্য।

একটি অনুমোদিত কিন্ডারগার্টেন প্রোগ্রাম সরকারি নির্দেশিকাসমূহ পূরণ করে, এবং এদের মধ্যে রয়েছে:

- সরকারি নির্দেশিকা অনুসারে, মানসম্পন্ন প্রারম্ভিক শৈশবকালীন শিক্ষকদের দ্বারা শিক্ষা প্রদান
- প্রেপ-এর আগের বছর শিশুদের জন্য সাধারণত সপ্তাহে 15 ঘন্টা করে, বছরে 40 সপ্তাহ, (শিক্ষা) প্রদান করা হয়
- (এটি) কুইন্সল্যান্ডের কিন্ডারগার্টেন শিক্ষা নির্দেশিকা বা অন্যান্য কারিকুলাম এবং মূল্যায়ন কর্তৃপক্ষ-স্বীকৃত শিক্ষা প্রোগ্রামের সাথে সামঞ্জস্যপূর্ণ।

নীচের চিত্রে, কুইন্সল্যান্ড সরকার-অনুমোদিত প্রোগ্রাম সনাক্ত করতে, 'কিন্ডি-এর জন্য অনুমোদিত টিক চিহ্ন' দেখুন।



## 2024 থেকে বিনামূল্যে কিন্ডি(Kindy)

কুইন্সল্যান্ড সরকার কুইন্সল্যান্ডের সকল পরিবারের জন্য বিনামূল্যে কিন্ডি(Kindy) সুবিধা দিচ্ছে।

ফ্রি কিন্ডি (Kindy) সুবিধা প্রদানকারী যে সকল সরকার-অনুমোদিত প্রোগ্রামে উপযুক্ত বয়সের শিশুরা যুক্ত হবে তাদের জন্য 1 জানুয়ারী 2024 থেকে এটি বিনামূল্যে পাওয়া যাবে।

এতে সপ্তাহে 15 ঘন্টা, বছরে 40 সপ্তাহ, একজন যোগ্য শৈশবকালীন শিক্ষকের দ্বারা বিনামূল্যে শিক্ষা প্রদান করা হয়।

পরিবারগুলি খন্ডকালীন অথবা নির্দিষ্ট দিনে দীর্ঘসময়ের কিন্ডারগার্টেনের জন্য কিন্ডি সুবিধা বেছে নিতে পারে।

আপনার নিকটতম বিনামূল্যে  
কিন্ডি(kindy) খুঁজুন, visit:  
[www.qld.gov.au/FreeKindy](http://www.qld.gov.au/FreeKindy)